5032 4593 200Rs.




Admissible under Regn. Rule.
duly Stamped under the India
Stamp Act, 1899 as amended by
Act III of 1922 and Section 85
of the Calcutta Improvement
Act, 1911 Schedule.
IA No............ 23
Stamp Duty Paid under the
Indian Stamp Act, 1899 as
Amended in 1976 Rs 366.66
Additional duty Paid under the
Calcutta Improvement Act 1911
Rs. 144.666 Excess........ 5.34
Total Rs. 516.00

A 68.50

31.5.85
Sub-Registrar, Alipore
Dist. 24-Parganas

মং ৭১৬৬.৬৭ টাকা পণ মূল্যের সাফ কোবালা দলিল : -
*************************************

কোবালা গ্রহিতা :-

শ্রী মলয় কুমার ঘোষ,
পিতা ৺ জগদীশ চন্দ্র ঘোষ,
জাতি হিন্দু, পেশা ব্যবসা,
সাং হরিদেবপুর গভঃ কলোনী,
থানা বেহালা, কলিকাতা - ৮২ ।

কোবালা দাত্রী :-

শ্রীমতী ধন প্রভা সাহা,
স্বামী শ্রী মনীন্দ্র চন্দ্র সাহা,
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী,
সাং হরিদেবপুর জজ বাগান,
থানা বেহালা, কলিকাতা - ৮২ ।

**************** X ****************

কস্য নিম্ন তপশীল বর্ণিত .০৭ শতক শালি জমি জমা মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদির সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা ২৪ পরগনা, থানা বেহালা, সাবরেজিষ্ট্রী আলিপুর, পরগনা খাসপুর,

INDIA NON JUDICIAL

২০০ रु.

Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES




কালেকটারির সাবেক ৪০ নং তৌজির অন্তর্গত রে : সা : নং ৩৫, জে : এল : নং ২৫, সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটীর সভাকাধীন মৌজা হরিদেবপুর গ্রামের নিম্ন তপশীল বর্ণিত ৪৫৯ দাগের .৩১ শতক জমি পূর্ব্বে জনৈক পীর মহম্মদের খাস সম্পত্তি থাকে। উক্ত .৩১ শতক জমি বার্ষিক ৮৲ টাকা খাজনায় হরিদেবপুর নিবাসিনী বেনীজান বিবি রায়তি সূত্রে কায়েমী বন্দোবস্ত লইয়া চাষবাসের দ্বারা উপস্বত্ব মালিক উক্ত পীর মহম্মদ অধীনে ভোগ দখল করিতে থাকা কালে উক্ত সম্পত্তি গত ইং সন ১৯৫৪ সালে আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহির ৮১ নং ভল্যুমের ২২৯ হইতে ২৩২ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ৪৬৬৫ নং কোবালার দ্বারা হরিদেবপুর সাকিমের কাজী আবদুল জলিল এর নিকট বিক্রয় করিয়া নিঃস্বত্ব ও দখল চ্যুত হইলে উক্ত কাজী আবদুল জলিল উক্ত সম্পত্তি খরিদ সূত্রে স্বত্ববান ও ভোগ দখল করিতে থাকে। অতঃপর রিভিসন্যাল সেটেলমেন্টে উক্ত সম্পত্তি হরিদেবপুর মৌজার ৪৪৭ নং খতিয়ানে বার্ষিক ৮৲ টাকা জমায় ৪৫৯ নং দাগে .৩১ শতক






শালি জমি কাজী আবদুল জলিল নামে রেকর্ড হয় এবং ৪0 নং তৌজির স্থলে উক্ত সম্পত্তি ৩৩৫৮ নং তৌজি ভুক্ত হয় । উপরোক্ত প্রকারে ও প্রনালীতে হাল ৪৪৭ নং খতিয়ান ভুক্ত ৪ ৪৫৯ দাগের শালি .৩১ শতক জমির মধ্যে পৃথক চিহ্নিত .২৬ শতক শালি জমি বিক্রয়ের ঘোষনা করিলে আমি অত্র কোবালা দাত্রী তাহা গত ইং ৩।১0।১৯৮0 তারিখে সম্পাদিত ও আলিপুর ডিস্টাকট্ সাবরেজিস্ট্রী অফিসের ১ নং বহির ১৭0 নং ভল্যুমে ১৯২ হইতে ১৯৭ পৃষ্ঠায় লিপিবদ্ধ ৮0৫৭ নং সাফ কোবালা দলিল রূপে রেজিস্ট্রীকৃত দলিল দ্বারা আমি নিজ অর্থে ও স্বার্থে খরিদ করিয়া উহাতে খাস দখল প্রাপ্তে অন্যের নিরাংশে ও নিরা-পত্তে নিজ স্বত্ব পরিচালনে মালিক সরকারে ও স্থানীয় মিউনিসিপ্যালিটীতে নিজ নাম পত্তন করাইয়া রাজস্ব খাজনা ও ট্যাক্স্ আদায়ে ভোগ দখল করিতেছি । উক্ত জমি সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটীর ১৯ নং ওয়ার্ডের ১১0৩/এন মহাত্মা গান্ধী রোড হোল্ডিং ভুক্ত হইয়া .২৬ শতক শালি রূপে লিপিবদ্ধ আছে এবং মিউনিসিপ্যাল ট্যাক্স্ সরবরাহ হইয়াছে । বর্ত্তমানে উক্ত জমি দি ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১২২ নং ওয়ার্ডের অন্তর্ভুক্ত হইতেছে ।

40 Rs.




। ৪ ।

আমি অপর সম্পত্তি খরিদ করিবার এবং অন্যান্য বৈধ কারণে উক্ত সম্পত্তি বিক্রয়ের ঘোষনা করিলে বিশেষত আমার বাসস্থান হইতে উক্ত জমি রীতিমত রক্ষনাবেক্ষনে অসুবিধা দেখা দেওয়ায়, উক্ত সম্পত্তির বাজার উচিৎ মূল্য ২৪,০০০.০০ হাজার টাকা পণ ধার্য্যে স্থানীয় শ্রী মলয় কুমার ঘোষ ও শ্রী বাসুদেব দাস এবং শ্রী জীতেন্দ্র নাথ দাস মহাশয় গণের বরাবরে একখণ্ড বায়না পত্র সম্পাদন করিয়া গত ইংরাজী ৯।৪।৮৫ তারিখে শ্রী বাসুদেব দাস মারফতে নগদে ১২০০০.০০ বারো হাজার টাকা অগ্রীম গ্রহণ করত তাহার প্রাপ্তী স্বীকারে আমার স্বামী মহাশয়ের মোকাবিলায় একখণ্ড বায়না পত্র লিখিয়া উক্ত .২৬ শতক জমি হইতে .২১ শতক জমি বিক্রয়ের চুক্তি আবদ্ধ হইয়াছি । এক্ষনে আমার বিক্রয় প্রস্তাবিত কমবেশ .২১ শতক জমির একপ্রান্তে কিয়দাংশে সীমানা নির্দ্দিষ্ট না হওয়ায়, আমি অত্র দলিল দাত্রী তদ্‌দরুন সম্পত্তির মোট মূল্য ২৪০০০.০০ (চব্বিশ হাজার টাকা হইতে ২৫০০.০০ আড়াই হাজার টাকা হ্রাস করিয়া ২১,৫০০.০০ (একুশ হাজার পাঁচশত) টাকা পণ ধার্য্যে উক্ত .২১ শতক সম্পত্তি বায়না পত্র গ্রহীতা গণকে অথবা তাহাদের

রকম ভুল ত্রুটি কিংবা অসম্পূর্ণ থাকা প্রকাশ পায়, তাহা হইলে অত্র কোবালায় দোষকে

1R₹






মনোনীত যে কোন ব্যাক্তিকে তাহাদের নির্দ্দেশ মত এবং নিদ্দৃষ্ট পরিমান জমি ভিন্ন ভিন্ন দলিলে বিক্রয় করিতে রাজী ও সম্মত হওয়ায়, আপনি অত্র দলিল গ্রহীতা ঐ বায়না পত্রে লিখিত ২ নং গ্রহীতা রূপে নিম্ন তপশীল বর্ণিত কমবেশ .০৭ সাত শতক সম্পত্তি আমার ধার্য্যকৃত মূল্যে মং ৭১৬৬.৬৭ (সাত হাজার একশত ছেষট্টি টাকা সাতষট্টি পয়সা পণে ক্রয় করিবার জন্য প্রস্তুত হওয়ায়, আমি অত্র দলিল দাত্রী বায়না পত্র গ্রহীতা গণের নির্দ্দেশ মত আপনার নিকট হইতে পণের সমুদয় টাকা নিম্ন লিখিত জায় মোতাবেক নগদ বুঝিয়া পাইয়া এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীলস্থ বর্ণিত কমবেশ .০৭ শতক জমি সহ সর্ব্ব প্রকার স্বত্ব লভ্য ইজমেন্ট রাইটস্ আপনাকে সাফ বিক্রয় করিলাম এবং বিক্রীত সম্পত্তির স্বত্ব দখল দাবী দাওয়া আপনার অনুকূলে পরিত্যাগ করিয়া তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি হইতে আমি দলিল দাত্রী সম্পূর্ণ রূপে সহ ওয়ারিশান ক্রমে নিঃস্বত্ব ও ও দখল চ্যুত হইলাম । অত্র বিক্রীত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব সামিত্ব দখল অধিকার দাবী দাওয়া ছিল ও আছে, তৎসমস্ত সম্পূর্ণ রূপে ধ্বংস ও বিলুপ্ত হইয়া অদ্য হইতে আপনার উপর বর্ত্তাইল । আপনি অত্র বিক্রীত সম্পত্তিতে অত্র দলিল দাত্রী আমার যাবতীয়

রকম ভুল ত্রুটি কিংবা অসম্পূর্ণ থাকা প্রকাশ পায়, তাহা হইলে অত্র কোবালার পোষকে

সুত্বে সুত্ববান ও দখলিকার হইয়া দান, বিক্রয়াদি যাবতীয় হস্তান্তর রুপান্তর করিবার ক্ষমতা যুক্তে ওয়ারিশান ও স্হলাভিষিক্ত গণ ক্রমে ভোগ দখল করিতে থাকুন । তাহাতে আমি বা আমার ওয়ারিশান ও স্হলাভিষিক্ত গণ কেহ কস্মিন কালে কোন দাবী দাওয়া করিবনা ও করিতে পারিবেনা । করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্ব আদালতে সর্ব্বত ভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে ।

এতদ্বারা আরও স্বীকার অঙ্গীকার প্রকাশ করিতেছি যে, নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে অপর কাহারও নিকট দান, বিক্রয় বন্ধকাদি দ্বারা বা অন্য কোন প্রাকারে কাহারও নিকট হস্তান্তর করিনাই বা উহা কোন কায়েমী বা মেয়াদী প্রজাবিলি নাই বা উক্ত সম্পত্তিতে কোন অংশীদার বা দাবীদার নাই । উহা কোন পীরোত্তর ওয়াকফ বা দেবত্তর সম্পত্তি নহে বা উক্ত সম্পত্তিতে কাহারও কোন খোর পোষের চার্জ নাই বা জামিনাদিতে আবদ্ধ নাই এবং উক্ত সম্পত্তি লইয়া কোন আদালতে কোন মোকর্দ্দমা বীচারাধীন রাখিনাই বা আমি কাহারও বেনামদার নহি । সম্পূর্ণ নিস্দায় ও নির্দ্দোষ অবস্হায় আমার ভোগ দখলে থাকা কালিন নিম্ন তপশীল বর্ণিত .০৭ সাত শতক সম্পত্তি আপনাকে বিক্রয় করিলাম এবং আপনি রেজিষ্ট্রী ও সাবরেজিষ্ট্রী অফিসযথা সম্ভব তল্লাশ অনুসন্ধান ক্রমে এই সম্পত্তি খরিদ করিলেন । তথাপি যদি বিক্রীত সম্পত্তিতে আমার স্বত্ত্বে ও দখলের কোন রকম দোষত্রুটী গন্ডগোল থাকা এবং আমার উপরোক্ত উক্তি সমূহের কোন উক্তি মিথ্যা বলিয়া প্রকাশ পায়, এবং তজ্জন্য আপনার কোন ক্ষতি খেসারৎ বা খরচ হইলে, আমি সম্পূর্ণ দায়ী হইব এবংউপযুক্ত ক্ষতি পূরণ সমেত মূল্যের টাকা আমি মায় ওয়ারিশান গণ ক্রমে আপনাকে ফেরৎ দিতে সদা সর্ব্বদা বাধ্য থাকিলাম এবং অত্র দলিলে এবং তপশীল বর্ণনায় যদি কোন রকম ভুল ত্রুটী কিংবা অসম্পূর্ণ থাকা প্রকাশ পায়, তাহা হইলে অত্র কোবালার পোষকে

আপনার খরচায় যে কোন সংশোধনী দলিল কিংবা সম্মতী সূচক দলিলাদি বিনা ওজরে সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম । আপনি অত্র দলিল বলে মালিক সরকারে এবং পৌর সংস্থায় আপনার নিজ নাম পত্তন করাইয়া খাজনা ও ট্যাক্স আদায়ে সুনামে সুনামে রসিদ লইবেন । আপনার নাম পত্তন কার্য্যে অথবা কোন অফিস আদালতে কোন মামলা মোকর্দ্দমায় যদি আমার সাক্ষী প্রমান বা সম্মতী সূচক দস্তখত করিবার প্রয়োজন হয়, তাহা আমি আবশ্য মত আপনার খরচায় এবং তলব মতে আপনার পক্ষে করিয়া দিয়া আপনার সকল কার্য্যে সহায়তা করিতে স্বীকৃত থাকিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিল আমার স্বামী মহাশয়কে দিয়া পাঠ করাইয়া শুনিয়া ইহার মর্ম্ম ও ফলাফল বুঝিয়া শুনিয়া ধার্য্যকৃত মূল্যের সমুদয় টাকা নিম্ন লিখিত জায় মোতাবেক নগদ বুঝিয়া পাইয়া তাহার প্রাপ্তী স্বীকারে আপনার নাম বরাবরে অত্র দলিল যথারিতী সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি তাং ইংরাজী ১৯৮৫ সালের ৩১ শে মে ॥

তপশীল বিক্রীত সম্পত্তির বিবরণ :-
***************************

জেলা ২৪ পরগনা, থানা বেহালা, সাবরেজিস্ট্রী আলিপুর পরগনা খাসপুর, কালেকটারির ৪০ নং তৌজি ভুক্ত রে : সা : নং ৩৫, জে : এল : নং ২৫, অধুনা দি ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন মৌজা হরিদেবপুর গ্রামের রিভিসন্যাল সেটেলমেন্টের ৪৪৭ নং খতিয়ান ভুক্ত ৪৫৯ (চারশত ঊনষাট) নং দাগে .৩১ শতক রায়ত

দখলি সৃত্ব বিশিষ্ট শালি জমি মধ্যে আমার খরিদা .২৬ শতক জমি হইতে .০৫ শতক বাদে অবশিষ্ট .২১ শতক জমি হইতে দক্ষিণাংশের .০৭ সাত শতক শালি জমি মায় যাবতীয় সৃত্ব লভ্য ইজমেন্ট রাইট সমেত অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। উক্ত খতিয়ানে মোট জমা ৮ টাকা মধ্যে বিক্রীত সম্পত্তির হারাহারি খাজনা ১.১২ পয়সা, দিতে হয়। মালিক প : ব : রাজ্য সরকার পক্ষে কালেকটার ২৪ পরগনা। উক্ত জমি সা : সু : মিউনিসিপ্যালিটার $\frac{১১০৩}{এন}$ এম, জি, রোড হোল্ডিং ভুক্ত সম্পত্তির অংশ হইতেছে এবং .০৭ শতক বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তিতে বর্তমানে চাষবাস হইতেছে।

টাকার জায় :-
********

গত ইংরাজী১।৪।৮৫ তারিখে বায়না বাবদ প্রাপ্ত ২০০০.০০ টাকা,
অদ্য রোজ নগদে প্রাপ্ত ৫১৬৬.৬৭ টাকা

সর্ব্ব মোট প্রাপ্ত ৭১৬৬.৬৭ টাকা,

মং সাত হাজার একশত ছিষট্টি টাকা সাতষট্টি পয়সা মাত্র।

মুসাবিদাকারক :-

দলিল লেখক, আলিপুর,
লাইসেন্স নং ১২৮ ।

*****************

টাইপকারক :-

আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা - ২৭ ।

****************

ইসাদি :-

Swapan Das 97/19 Banerjee Para Road Cal-41